

💵 সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১১৭

২৮/ কসম (كتاب الأيمان)

পরিচ্ছেদঃ ৩. যে ব্যক্তি কোন বিষয়ে কসম করে, পরে এর বিপরীত বিষয়কে তার চেয়ে উত্তম মনে করে তবে তার জন্য উত্তমটিই করা এবং কসমের কাফফারা দেওয়া মুস্তাহাব

باب نَدْبِ مَنْ حَلَفَ يَمِينًا فَرَأَى غَيْرَهَا خَيْرًا مِنْهَا أَنْ يَأْتِيَ الَّذِي هُوَ خَيْرٌ وَيُكَفِّرَ عَنْ يَمِينِهِ

আরবী

حَدَّتَنَا خَلَفُ بْنُ هِشَامٍ، وَقُتُنبَةُ بْنُ سَعِيد، وَيَحْيَى بْنُ حَبِيبِ الْحَارِثِيُّ، _ وَاللَّفْظُ لِخَلَفِ _ قَالُوا حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ غَيْلاَنَ بْنِ جَرِينٍ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَى، الأَشْعَرِيِّ قَالَ أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فِي رَهْطٍ مِنَ الأَشْعَرِيِينَ نَسْتَحْمِلُهُ فَقَالَ " وَاللَّهِ لاَ أَحْمِلُكُمْ وَمَا عِنْدِي مَا أَحْمِلُكُمْ عَلَيْهِ ". قَالَ فَلَبِثْنَا مَا شَاءَ اللَّهُ ثُمَّ أُتِي بإِبِل فَأَمرَ لَنَا بِثَلاَثِ ذَوْدٍ غُرِّ الذُّرَى فَلَمَّا انْطَلَقْنَا قُلْنَا _ أَوْ قَالَ بَعْضُنَا لِبَعْضٍ _ لاَ يُبَارِكُ اللَّهُ لَنَا لَنَا بِثَلاَثِ ذَوْدٍ غُرِّ الذُّرَى فَلَمَّا انْطَلَقْنَا قُلْنَا _ أَوْ قَالَ بَعْضَئْنَا لِبَعْضٍ _ لاَ يُبَارِكُ اللَّهُ لَنَا أَتَيْنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَسْتَحْمِلُهُ فَحَلَفَ أَنْ لاَ يَحْمِلَنَا ثُمَّ حَمَلَنَا : فَأَتُوهُ أَتَيْنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَسْتَحْمِلُهُ فَحَلَفَ أَنْ لاَ يَحْمِلَنَا ثُمَّ حَمَلَنَا : فَأَتُوهُ فَقَالَ " مَا أَنَا حَمَلْتُكُمْ وَلَكِنَّ اللَّهَ حَمَلَكُمْ وَإِنِي وَاللَّهِ إِنْ شَاءَ اللَّهُ لاَ أَحْلِفُ عَلَى يَمِينِ ثُمَّ أَرَى خَيْرًا مِنْهَا إِلاَّ كَفَرْتُ عَنْ يَمِينِي وَأَتَيْتُ الَّذِي هُو خَيْرٌ " .

বাংলা

8১১৭। খালফ ইবনু হিশাম, কুতায়বা ইবনু সাঈদ ও ইয়াহইয়া ইবনু হাবীব হারিসী (রহঃ) ... আবৃ মূসা আশ'আরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমি আশ'আরী গোত্রের কয়েকজন লোককে নিয়ে সাওয়ারী চাওয়ার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসি। তখন তিনি বললেনঃ আল্লাহর কসম! আমি তোমাদের সাওয়ারী দিব না। আর আমার কাছে এমন কিছু নেই যাতে আমি তোমাদের সাওয়ার করাতে পারি। আবৃ মূসা আশআরী (রাঃ) বললেন, আমরা অপেক্ষা করলাম, যতক্ষন আল্লাহর ইচ্ছা ছিল। তারপর তার কাছে কিছু উট আসে। তিনি আমাদেরকে তিনটি সাদা কুঁজ বিশিষ্ট উট দেওয়ার হুকুম করেন।

যখন আমরা (তা নিয়ে) চলে আসি। তখন আমরা বললাম, (রাবী বলেন, অথবা বলেছেন, আমাদের একে অপরকে বলল) (এতে) আল্লাহ তাআলা আমাদের বরকত দিবেন না। আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট সাওয়ারী চাইতে এসেছিলাম। তখন তিনি কসম করেছিলেন যে, আমাদের সাওয়ারী দিবেন না। এরপর সাওয়ারী আমাদের দিলেন। এরপর তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে (তাঁর কসমের



কথা) অবগত করালেন। তিনি বললেনঃ আমি তোমাদের সাওয়ারী দেইনি; বরং আল্লাহ তোমাদের সাওয়ারী দিয়েছেন। আর আল্লাহর কসম! ইনশা আল্লাহ আমি যখনই কোন বিষয়ের উপর কসম করি এরপর যদি এর তুলনায় (বিপরীতটিকে) উত্তম মনে করি, তবে আমি আমার কসমের কাফফারা দিয়ে দিব এবং যা উত্তম তাই করবো।

English

Abu Musa al-Ash'ari reported:

I came to Allah's Apostle (ﷺ) along with a group of Ash'arites requesting to give us a mount. He (the Holy Prophet) said: By Allah, I cannot provide you with a mount, and there is nothing with me which I should give you as a ride. He (the narrator) said: We stayed there as long as Allah willed. Then there were brought to him (to the Holy Prophet) camels. He (the Holy Prophet) then ordered to give us three white humped camels, We started and said (or some of us said to the others): Allah will not bless us. We came to Allah's Messenger (ﷺ) begging him to provide us with riding camels. He swore that he could not provide us with a mount, but later on he provided us with that. They (some of the Prophet's Companions) came and informed him about this (rankling of theirs), whereupon he said: It was not I who provided you with a mount, but Allah has provided you with that. So far as I am concerned, by Allah, if He so wills, I would not swear, but if, later on, I would see better than it, I (would break the vow) and expiate it and do that which is better.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ মুসা আল- আশ'আরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন